অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রতি বছর স্বাস্থ্যসেবার ব্যয়ে বয়স্ক ব্যক্তিদের 7,000 মার্কিন ডলারের বেশি সাশ্রয় করতে সাহায্য করার কর্মসূচিতে প্রায় 1 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর নাম লেখানোর ঘোষণা করলেন

মেডিকেয়ারে উন্মুক্ত নাম লেখানোর সময়কাল আগামীকাল শুরু হতে যাচ্ছে, তাই গভর্নর আরো বেশি নিউ ইয়র্কবাসীকে মেডিকেয়ার সাশ্রয়ী কর্মসূচিতে নাম লেখানোর জন্য উৎসাহিত করছেন

কর্মসূচিটি যাতে স্টেটব্যাপী আরো বেশি বয়স্ক ব্যক্তিদের সেবাদান করতে পারে তা নিশ্চিত করতে গভর্নর আয়ের যোগ্যতা সম্প্রসারিত করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে প্রায় এক মিলিয়ন নিউ ইয়র্কবাসী এখন স্টেটের পরিচালিত মেডিকেয়ার সাশ্রয়ী কর্মসূচিতে (Medicare Savings Program, MSP) নাম লিখিয়েছে, যা যোগ্য বয়স্ক ব্যক্তিদের বছরে স্বাস্থ্যসেবার ব্যয়ের ক্ষেত্রে আনুমানিক 7,400 মার্কিন ডলার সাশ্রয় করতে সাহায্য করতে পারবে। আগামীকাল থেকে মেডিকেয়ারে উন্মুক্ত নাম লেখানোর সময়কাল শুরু হতে যাচ্ছে, তাই এছাড়াও গভর্নর আরো বেশি নিউ ইয়র্কবাসীকে MSP সম্পর্কে জানতে এবং এতে নাম লেখাতে উৎসাহিত করেছেন। গভর্নরের ঐতিহাসিক MSP সম্প্রসারণের পর বহু বয়স্ক ব্যক্তি এই কর্মসূচির জন্য জগয় হয়েছে, আরো বেশি নিউ ইয়র্কবাসী যাতে স্বাস্থ্য সেবার সাশ্রয় দ্বারা লাভবান হতে পারে তা নিশ্চিত করার জন্য সম্প্রসারণটি আয়ের যোগ্যতার সীমা বৃদ্ধি করেছে।

"মেডিকেয়ার সাশ্রয়ী কর্মসূচি সম্প্রসারণ করার ব্যাপারে আমাদের কাজ প্রায় এক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যসেবার ব্যয়ের চাপ হ্রাস করছে এবং তাদেরকে হাজার হাজার মার্কিন ডলার ফেরত দিচ্ছে," **গভর্নর ক্যাথি হোকল বলেন।** "তারা কর্মসূচির জন্য যোগ্য কিনা তা দেখতে এবং অন্য কোনো মেডিকেয়ার আওতার বিকল্প অতিরিক্ত ব্যয় সাশ্রয় করতে পারে কিনা তা দেখতে মেডিকেয়ারের উন্মুক্ত নাম লেখানোর সময়কাল ব্যবহার করার জন্য নিউ ইয়র্কের বয়স্ক ব্যক্তিদের আমি উৎসাহিত করছি।"

আগামীকাল, 15 অক্টোবর থেকে মেডিকেয়ারের উন্মুক্ত নাম লেখানোর সময়কাল শুরু হবে এবং 7 ডিসেম্বর পর্যন্ত তা চলবে। যদিও নিউ ইয়র্কবাসীরা সারা বছর MSP এর জন্য নাম

লেখাতে পারে, তবে উন্মুক্ত নাম লেখানোর সময়কালটি বেনিফিট সম্পর্কে জানার জন্য এবং মেডিকেয়ার সম্পর্কিত যেকোনো প্রশ্ন করার জন্য দারুণ একটি সময়।

সীমিত আয়সম্পন্ন মেডিকেয়ার বেনিফিশিয়ারিদের মেডিকেয়ার পার্ট বি প্রিমিয়াম পরিশোধ করে দিয়ে এবং স্বয়ংক্রিয়ভাবে প্রেসক্রিপশন ওষুধের খরচের ক্ষেত্রে সাহায্য প্রদানকারী, ফেডারেল সরকারের বাড়তি সাহায্য (Extra Help) কর্মসূচিতে তাদের নাম লিখিয়ে দিয়ে MSP তাদের সাহায্য করে।

2022 সালে গভর্নর হোকল MSP এর জন্য একটি ঐতিহাসিক সম্প্রসারণ নিশ্চিত করেন যা নিউ ইয়র্কবাসীর জন্য আয়ের যোগ্যতা বৃদ্ধি করেছে। MSP এর জন্য 2024 সালের আয়ের যোগ্যতার সীমা হলো একজন ব্যক্তির জন্য মাসে 2,355 মার্কিন ডলার এবং একজন দম্পতির জন্য মাসে 3,189 মার্কিন ডলার।

MSP তে নাম লেখানো সম্পর্কিত তথ্যের জন্য বা অন্যান্য মেডিকেয়ারে নাম লেখানো সম্পর্কিত প্রশ্নের ব্যাপারে সহায়তা পাওয়ার জন্য স্টেটের স্বাস্থ্য বীমা তথ্য, পরামর্শ এবং সহায়তা কর্মসূচির (Health Insurance Information, Counseling and Assistance Program, HIICAP) সাথে যোগাযোগ করার জন্য মেডিকেয়ার বেনিফিশিয়ারি বা মেডিকেয়ারের জন্য যোগ্য ব্যক্তিদের উৎসাহিত করা যাচ্ছে। নিউ ইয়র্কবাসীরা 1-800-701-0501 নম্বরে টোলমুক্ত হটলাইনে HIICAP কে ফোন করতে পারবে।

ইতিমধ্যে, সেপ্টেম্বর মাসের শেষের দিক পর্যন্ত MSP তে নাম লেখানো প্রায় এক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর অঞ্চলভিত্তিক শ্রেণীবিন্যাস নিম্নরূপ।

REDC অঞ্চল	**MSP তে নাম লেখানো ব্যক্তির সংখ্যা**
ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অ্যালেগানি, ক্যাটারাগাস, শ্যাটাকোয়া, ইরি, নায়াগ্রা	62,004
ফিঙ্গার লেকস জিনেসি, লিভিংস্টোন, মনরো, অন্টারিও, অরলিন্স, সেনেকা, ওয়েইন, ওয়াইয়োমিং, ইয়েটস	49,062
সাউদার্ন টিয়ার ব্রুম, শেমাঙ্গ, শেনাঙ্গো, ডেলাওয়্যার, স্কুাইলার, স্টুবেন, টিয়োগা, টম্পকিন্স	30,340
সেন্ট্রাল নিউ ইয়র্ক ক্যাইয়ুগা, কর্টল্যান্ড, ম্যাডিসন, ওনোন্ডাগা, ওসওয়েগো	30,409
মোহক ভ্যালি	

ফুলটন, হারকাইমার, মন্টগোমারি, ওনিডা, ওটসেগো, স্কোহারি	24,673
নর্থ কান্ট্রি ক্লিন্টন, এসেক্স, ফ্র্যাঙ্কলিন, হ্যামিল্টন, জেফার্সন, লুইস, সেইন্ট লরেন্স	20,973
ক্যাপিটাল ডিস্ট্রিক্ট অ্যালবানি, কলাম্বিয়া, গ্রিন, রেনসেলার, সারাটোগা, স্কেনেকট্যাডি, ওয়ারেন, ওয়াশিংটন	39,803
হাডসন ভ্যালি ডাচেস, অরেঞ্জ, পুটন্যাম, রকল্যান্ড, সালিভ্যান, আলস্টার, ওয়েস্টচেস্টার	71,200
নিউ ইয়র্ক সিটি	574,665
লং আইল্যান্ড নাসাউ, সাফোক	79,863
স্টেটব্যাপী মোট	**982,992**

নিউ ইয়র্ক স্টেটের এজিং অফিসের (New York State Office for the Aging, NYSOFA) পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "MSP তে প্রায় 1 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর নাম লেখানোর এই গুরুত্বপূর্ণ মাইলফলকটি হলো নিউ ইয়র্কের HIICAP এর মতো স্টেট ও স্থানীয় কর্মসূচির প্রত্যক্ষ ফলাফল যা মেডিকেয়ার বেনিফিশিয়ারিদের জন্য আউটরিচ ও সহায়তা প্রদান করে যাতে করে তারা সামগ্রিকভাবে বার্ষিক কয়েক মিলিয়ন মার্কিন ডলার নিজস্ব ব্যয় সাশ্রয় করতে পারে। প্রতি বছর বার্ষিক আয়ের যোগ্যতার সংশোধনসহ 2023 সালে এই কর্মসূচি সম্প্রসারিত করার জন্য এবং একই সাথে সাহায্যের জন্য আমাদের নেটওয়ার্কের আউটরিচ ও শিক্ষা কর্মকাণ্ডকে সমর্থন করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "সীমিত আয়ের ব্যক্তিদের মেডিকেয়ার প্রিমিয়াম পরিশোধ করতে সাহায্য করা এবং আয়ের সীমার কারণে মেডিকেইডের জন্য যোগ্য নয় কিন্তু তারপরেও এই সাশ্রয়ী কর্মসূচির জন্য যোগ্য হতে পারে এমন ব্যক্তিদের জন্য মেডিকেয়ার সাশ্রয়ী কর্মসূচিটি একটি অত্যাবশ্যকীয় সংস্থান। নাম লেখানো ব্যক্তির সংখ্যা যে প্রায় এক মিলিয়নে পৌঁছেছে তা আর্থিক সহায়তা প্রয়োজন এমন ব্যক্তিদের জন্য সময়মতো এবং সাশ্রয়ী ব্যয়ে স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ নিশ্চিত করার মাধ্যমে স্বাস্থ্য সমতায় গভর্নর হোকল এবং বিভাগের চলমান প্রতিশ্রুতির উপর আলোকপাত করে।"

আমেরিকার অবসরপ্রাপ্তদের অ্যাসোসিয়েশনের (American Association of Retired Persons, AARP) নিউ ইয়র্ক স্টেটের পরিচালক বেথ ফিঙ্কেল বলেন, "অত্যাবশ্যকীয়

স্বাস্থ্যসেবা যাতে আরো বেশি নিম্ন ও মধ্যম আয়ের বয়স্ক ব্যক্তির ক্রয়ক্ষমতার মধ্যে থাকে তার জন্য মেডিকেয়ার সাশ্রয়ী কর্মসূচি সম্প্রসারিত করার জন্য অন্য অ্যাডভোকেটদের সাথে নিয়ে AARP নিউ ইয়র্ক বহু বছর ধরে কাজ করছে। এখন, কর্মসূচিতে নাম লেখানো ব্যক্তির সংখ্যা এক মিলিয়ন হতে যাচ্ছে, এটি নিয়ে আমরা সকলেই গর্ব করতে পারি। আরো বেশি বয়স্ক ব্যক্তি যাতে তাদের প্রয়োজনীয় বেনিফিট পাওয়ার সুযোগ পায় তা নিশ্চিত করতে হোকল প্রশাসনের চলমান প্রয়াসের আমরা প্রশংসা করছি, এই বেনিফিট তাদের অর্থ ফেরত দেয় এবং আর্থিক চাপ হ্রাস করে। আমরা চাই মানুষের জীবন আরো উত্তম হোক, এবং এই কর্মসূচিটি ঠিক তাই করার জন্য তৈরি করা হয়েছে।"

মেডিকেয়ার রাইটস সেন্টারের (Medicare Rights Center) প্রেসিডেন্ট ফ্রেড রিকার্ডি বলেন, "নিউ ইয়র্ক যে সফলভাবে মেডিকেয়ার সাশ্রয়ী কর্মসূচির সম্প্রসারণ করেছে তা হলো বয়স্ক ব্যক্তি এবং অক্ষমতাসহ ব্যক্তির কাছে যাতে তাদের প্রাপ্য স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ ও ক্রয়ক্ষমতা থাকে তা নিশ্চিত করতে সহযোগিতামূলক কাজের গুরুত্বের একটি প্রমাণস্বরূপ। নিউ ইয়র্ক স্টেটের এজিং অফিস, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ, এবং পুরো স্টেটে আমাদের অংশীদারদের আমরা প্রশংসা করছি। অতি গুরুত্বপূর্ণ এই কর্মসূচি পাওয়ার সুযোগ সম্প্রসারিত করার ক্ষেত্রে আমাদের সামগ্রিক প্রয়াস এবং নিবেদন অত্যাবশ্যকীয় ছিলো, যা নিশ্চিত করবে যাতে আরো বেশি নিউ ইয়র্কবাসী আর্থিক ত্রাণ এবং এটি যে উন্নত স্বাস্থ্যসেবা প্রদান করে সে অভিজ্ঞতা লাভ করতে পারে। এই মাইলফলক নিয়ে মেডিকেয়ার রাইটস সেন্টার গর্বিত এবং আরো হাজার হাজার ব্যক্তিকে নাম লেখানোর প্রক্রিয়া পার করতে এবং তাদের প্রাপ্য অধিকার নিশ্চিত করতে সাহায্য করার জন্য আন্তরিকভাবে প্রতিশ্রুতিবদ্ধ।"

MSP সম্পর্কে আরো তথ্য

সীমিত আয়সম্পন্ন মেডিকেয়ার বেনিফিশিয়ারিদের মেডিকেয়ার পার্ট বি প্রিমিয়াম পরিশোধ করে দিয়ে এবং স্বয়ংক্রিয়ভাবে বাড়তি সাহায্য কর্মসূচিতে তাদের নাম লিখিয়ে দিয়ে MSP তাদের সাহায্য করে। মার্কিন যুক্তরাষ্ট্রের সামাজিক নিরাপত্তা প্রশাসনের (Social Security Administration, SSA) অনুমান অনুযায়ী বাড়তি সাহায্যে নাম লেখানো ব্যক্তিদের জনপ্রতি 5,300 মার্কিন ডলার ব্যয় সাশ্রয় করার সম্ভাবনা রয়েছে। মেডিকেয়ার পার্ট বি তে নাম লেখানো ব্যক্তিদের জন্য স্ট্যান্ডার্ড মাসিক প্রিমিয়াম হলো মাসপ্রতি 174.70 মার্কিন ডলার। সম্মিলিতভাবে এই সহায়তা বার্ষিক প্রায় 7,400 মার্কিন ডলার সাশ্রয়ের সমান। এই আর্থিক সহায়তা নাম লেখানোর ব্যক্তিদের জন্য একটি লাইফলাইন হতে পারে, যা তাদের জন্য মেডিকেয়ার আওতা ধরে রাখা, প্রয়োজনীয় সেবা পাওয়ার সুযোগ এবং অন্যান্য প্রয়োজনীয়তার ক্রয়ক্ষমতা সম্ভব করবে।

2022 সালে গভর্নর হোকল MSP এর জন্য একটি ঐতিহাসিক সম্প্রসারণ নিশ্চিত করেন যা স্টেট পর্যায়ে স্থানীয়ভাবে পরিচালিত হয়। MSP এর জন্য 2024 সালের আয়ের যোগ্যতার সীমা হলো একজন ব্যক্তির জন্য মাসে 2,355 মার্কিন ডলার এবং একজন দম্পতির জন্য মাসে 3,189 মার্কিন ডলার।

উল্লিখিত সীমার সামান্য বেশি উপার্জনসহ বেনিফিশিয়ারিদেরও আবেদন প্রক্রিয়ায় সহায়তার জন্য নিউ ইয়র্কের HIICAP এর সাথে যোগাযোগ করার কথা চিন্তা করা উচিত, কারণ তারা

হয়তো এমন অর্থ ব্যয় করছে যা তাদের মোট আয় থেকে কর্তন করে তাদেরকে যোগ্য করা যেতে পারে। MSP এর জন্য আবেদন করতে সহায়তার প্রয়োজন থাকা বা অন্য কোনো মেডিকেয়ার সম্পর্কিত প্রশ্ন থাকা মেডিকেয়ার বেনিফিশিয়ারিদের জন্য HIICAP বিনামূল্যের এবং বস্তুনিষ্ঠ পরামর্শ প্রদান করে। HIICAP কে 1-800-701-0501 নম্বরে শুধু ফোন করতে হবে। যে ব্যক্তি ফোন করেছে তাকে সহায়তার জন্য তার স্থানীয় কর্মসূচির সাথে সংযুক্ত করে দেওয়া হবে।

এছাড়াও নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটে, এখানে, MSP এর জন্য একটি আবেদনপত্র উপলভ্য রয়েছে। আপনার স্থানীয় সামাজিক সেবা বিভাগ (local Department of Social Services, LDSS) বা মানব সংস্থান প্রশাসনের (Human Resource Administration, HRA) কাছে আবেদনপত্র এবং প্রয়োজনীয় নথিপত্র প্রেরণ করতে হবে।আপনার কাউন্টির জন্য ঠিকানা খুঁজে নিন এখান থেকে। আবেদন করার জন্য, আবেদনকারীদের প্রয়োজন হবে নিজেদের মেডিকেয়ার কার্ড, আয়ের প্রমাণ, মেডিকেয়ার ব্যতীত অন্য স্বাস্থ্য বীমা প্রিমিয়ামের নথি, জন্মতারিখ ও বাসস্থানের প্রমাণ। NYSOFA এর ওয়েবসাইটে আরো জানুন।

মেডিকেয়ারে উন্মুক্ত নাম লেখানো সম্পর্কে

উন্মুক্ত নাম লেখানোর সময় মেডিকেয়ারের বেনিফিশিয়ারিগণ তাদের স্বাস্থ্য পরিকল্পনায় বা প্রেসক্রিপশন ওষুধের আওতা এবং অন্যান্য বিকল্পে পরিবর্তন করতে পারে।

উন্মুক্ত নাম লেখানোর সময়, বা বছরের অন্য যেকোনো সময়, HIICAP যেসব ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারে:

- মেডিকেয়ার প্রেসক্রিপশন ওষুধের বেনিফিট (মেডিকেয়ার পার্ট ডি) এবং কীভাবে সেরা পরিকল্পনা বাছাই করা যায় তা বুঝতে পারা।
- বাড়তি সাহায্য এবং মেডিকেয়ার সাশ্রয়ী কর্মসূচিসহ নিম্ন আয়ের ভর্তুকি কর্মসূচি বুঝতে পারা।
- আপনার ওষুধ বা মেডিকেল সরঞ্জামের মূল্য পরিশোধ করার উপায় অনুসন্ধান।
- বয়স্কদের ফার্মাসিউটিক্যাল বীমার আওতার (Elderly Pharmaceutical Insurance Coverage, EPIC) কর্মসূচি বুঝতে পারা এবং এর জন্য আবেদন করা।
- মূল মেডিকেয়ার এবং মেডিকেয়ার অ্যাডভান্টেজ পরিকল্পনার মধ্যে একটি বাছাই করা।
- মেডিকেয়ারের নিয়ম এবং আপনার মেডিকেল বিল বুঝতে পারা।
- সম্ভাব্য মেডিকেয়ার প্রতারণা বা শোষণ সম্পর্কে অভিযোগ করা।
- মেডিকেয়ার, আপনার ব্যবস্থাপিত সেবা প্রদানকারী বা অন্যান্য স্বাস্থ্য বীমা কোম্পানির সিদ্ধান্ত সম্পর্কে কীভাবে একটি আপিল করতে হয় সে তথ্য প্রদান করা।
- মেডিকেয়ারের শূন্যস্থান পূরণ করার উপায় বের করা।
- মেডিকেয়ার বা মেডিগ্যাপ অভিযোগ কীভাবে দায়ের করতে হয় তা শেখা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন